যুগান্তর

17 SEP 2009 পৃষ্ঠা … কলাম …

চট্টগ্রামে সাংসদ নুরুল ইসলাম বিএসসির অনন্য উদ্যোগ

# বস্তিতে ১৩টি ভ্রাম্যমাণ প্রাথমিক বিদ্যালয়ে ব্যাপক সাড়া



যুগান্তর

চট্টগ্রামে নুরুল ইসলাম বিএসসির ভ্রাম্যমাণ প্রাথমিক বিদ্যালয়

চট্টগ্রাম ব্যুরো

সাংসদ নির্বাচিত হওয়ার পর গত আট মাসে নগরীর নিজ নির্বাচনী এলাকায় ব্যাপক উন্নয়ন কর্মকাণ্ড করেছেন চট্টগ্রাম-৮ (কোতোয়ালি-বাকলিয়া) আসনের সাংসদ, নগর আওয়ামী লীগ সহ-সভাপতি বিশিষ্ট কলামিস্ট নুরুল ইসলাম বিএসসি। নির্বাচনের আগেও তিনি পঁচিশ বছর ধরে নগরীতে স্কুল-কলেজ, দুস্থ নাইট স্কুলসহ ২২টি প্রতিষ্ঠান গড়ে তোলেন। নির্বাচনের পর গত সাড়ে আট মাসে নিজ নির্বাচনী এলাকায় ১৩টি বড় বড় বস্তিতে ভ্রাম্যমাণ প্রাথমিক বিদ্যালয় স্থাপন করেন। একটি বড় বাসের মধ্যে ভ্রাম্যমাণ প্রাথমিক বিদ্যালয় করেছেন। বর্তমানে তিনটি বস্তির প্রত্যেকটিতে তিন ঘণ্টা করে স্কুল চালু রয়েছে। বস্তির ছেলেমেয়েদের বিনামূল্যে বই ছাড়াও প্রত্যেককে দুটি করে ড্রেস দেয়া হয়েছে।

> দুস্থদের জন্য নাইট স্কুলসহ গড়ে তুলেছেন ২২টি প্রতিষ্ঠান

প্রতিটি বস্তির ৬৫ জন ছাত্রছাত্রী লেখাপড়া করছে। চট্টগ্রামের বাকলিয়া এলাকা কাঠের ফার্নিচারের জন্য বিখ্যাত। ফার্নিচার তৈরির সঙ্গে জড়িত লোকজনকে দক্ষ করে তোলার জন্য মালয়েশিয়ার ট্রেনিংপ্রাপ্ত একজন শিক্ষক দিয়ে আধুনিক মেশিন ও যন্ত্রপাতি দিয়ে স্থাপন করেছেন উডেন টেকনিক্যাল স্কুল। প্রতি ব্যাচে ২০ জন করে প্রতি তিন মাস পর ব্যাচ বের হচ্ছে। প্রত্যেক শিক্ষার্থীকে ড্রেস, টুপি ও ওয়ার্কিং গ্লাস দেয়া হয়েছে; নুরুল ইসলাম বিএসসি তার নির্বাচনী প্রতিশ্রুতি পূরণে জামালখান ওয়ার্ড, দক্ষিণ বাকলিয়া, পাঠানটুলি ওয়ার্ডে একটি এবং এনায়েত বাজার ওয়ার্ডে ৬টি গভীর নলকূপ এবং পূর্ব বাকলিয়া ওয়ার্ডে দুটি টিউবওয়েল, পশ্চিম বাকলিয়ায় ৩টি, পাথরঘাটায় ৫টি, ফিরিঙ্গীবাজারে ২টি, চান্দগাঁওয়ে ১টি, মোহরায় ১টি অগভীর নলকূপ স্থাপন করেছেন। এছাড়া চট্টগ্রাম শহরে জলাবদ্ধতা নিয়ে সার্ভে রিপোর্ট মন্ত্রীর কাছে দেয়া হয়েছে। গ্যাসের সমস্যা সমাধানে গ্যাস কোম্পানির সঙ্গে যোগাযোগ করে পরিমাণ পাঠানো হয়েছে। এর কাজ সহসা শুরু হবে বলে তিনি জানান। রাস্তাঘাটের উন্নয়নে ৮টি রাস্তার দৈর্ঘ্য-প্রস্থ পরিমাপ করে এলজিইআরডি বরাবরে পাঠানো হয়েছে। ব্যবস্থা গ্রহণ হওয়ার সঙ্গে সঙ্গে রাস্তার কাজ শুরু হবে। মসজিদে ইমামদের বিনামূল্যে ছাতা বিতরণ করা হয়। এলাকার মসজিদ, স্কুল, কলেজগুলোর উন্নয়নে টিআর প্রকল্প বরাদ্দ দেয়া হয়েছে এবং তা সুচারুরূপে সম্পন্ন করা হয়েছে। চট্টগ্রাম মেডিকেল কলেজকে বিশ্ববিদ্যালয় ও জেনারেল হাসপাতালকে মহিলা মেডিকেল কলেজে রূপান্তর করতে সরকার এবং মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। সরকারি ফান্ড থেকে চট্টগ্রামে অতিদরিদ্র জনসাধারণ থেকে দশজনকে বাছাই করে প্রতিজনকে পাঁচ হাজার টাকা বিতরণ করা হয়েছে। জেলখানার নতুন বিল্ডিং কার্যক্রম পরিদর্শন, মহিলাদের একটি ডে কেয়ার সেন্টার ও পরিশোধনের জন্য একটি স্কুলের ব্যবস্থা নেয়া হয়েছে। জেলখানার কয়েদিদের আগের দেয়া টিভির সঙ্গে আরও ১২টি রঙিন টিভি প্রদান করা হয়েছে। বিদ্যুৎ ব্যবস্থার উন্নয়নে কার্যকর পদক্ষেপ গ্রহণসহ নিম্নমানের ও পুরনো ট্রান্সফরমার পরিবর্তনের উদ্যোগ নিয়েছেন। মহিলাদের স্বাবলম্বী করার জন্য জামালখান ওয়ার্ডে সেলাই স্কুল স্থাপন করেছেন। কিন্ডারগার্টেন স্কুলকে নীতিমালায় আনতে সংসদে প্রশ্ন উত্থাপন করেছেন।